**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনতে SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচি প্রতিষ্ঠার জন্য নতুন দুইটি কমিউনিটি-ভিত্তিক সংস্থাকে 1 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***SNUG কর্মসূচি আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমানোর জন্য একটি জনস্বাস্থ্য বিষয়ক প্রচেষ্টাকে কাজে লাগায়: উৎস শনাক্ত করা, বিস্তার প্রতিহত করা এবং ব্যক্তি ও কমিউনিটিগুলোকে পরিষেবা ও সংস্থানসমূহ প্রদান করার মাধ্যমে এর সমাধান করা***

***নায়াগ্রা ফলস ও ইউটিকা অন্য 12টি কমিউনিটির সঙ্গে নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর সহায়তা ও অর্থায়নে পরিচালিত SNUG কর্মসূচিতে যোগদান করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নায়াগ্রা ফলস ও ইউটিকার দুইটি কমিউনিটিভিত্তিক সংস্থাকে SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচি (SNUG Street Outreach program) প্রতিষ্ঠার জন্য 1 মিলিয়ন ডলারের স্টেট তহবিল বরাদ্দ করা হয়েছে। এবছরের স্টেট বাজেটে গভর্নরের বরাদ্দ করা এই তহবিল এই কর্মসূচিকে স্টেটজুড়ে 12টি কমিউনিটি থেকে 14টি কমিউনিটিতে সম্প্রসারণ করবে। SNUG আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার উৎস শনাক্ত করা, এর বিস্তার প্রতিহত করা, এবং ব্যক্তি ও পরিবারগুলোকে পরিষেবা ও সংস্থানসমূহ প্রদান করার মাধ্যমে এর সমাধান করা এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা সম্পর্কে কমিউনিটির প্রথা পরিবর্তন করার মাধ্যমে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনতে একটি জনস্বাস্থ্য বিষয়ক প্রচেষ্টা কাজে লাগায়।

"আমাদের সড়কগুলোতে সহিংসতা এবং সহিংস অপরাধের উদ্ভাবনমূলক, কার্যকর সমাধান করতে সহায়তা করার জন্য আমরা একটি সমন্বিত পদক্ষেপ গ্রহণ করছি এবং সংস্থানসমূহ কাজে লাগাচ্ছি, এবং SNUG-এর মতো কর্মসূচিগুলো চমৎকার অগ্রগতি দেখিয়ে যাচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা নিউ ইয়র্ক স্টেটজুড়ে বিভিন্ন এলাকায় SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচির ইতিবাচক প্রভাব দেখতে পেয়েছি, এবং আজ ঘোষিত হওয়া বাড়তি তহবিল এই সফল কর্মসূচিকে সম্প্রসারণ করবে এবং কমিউনিটি ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার চরম সমস্যা মোকাবেলা করতে সাহায্য করবে। আমার প্রশাসন মাঠপর্যায়ে এই অতি গুরুত্বপূর্ণ কাজে সহায়তা করার জন্য স্টেটের সহিংসতা প্রতিরোধকারীদের নেটওয়ার্ক সম্প্রসারণ করা এবং সেটির জন্য অর্থায়ন করা অব্যাহত রাখবে।"

"আমাদের তরুণদের, এবং আমাদের কমিউনিটিগুলোর সব সদস্যের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিধ্বংসী প্রভাব এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার হুমকি থেকে মুক্ত হয়ে নিজেদের জীবন যাপন করার অধিকার রয়েছে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচি এই বিষয়টি স্বীকার করে এবং যারা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতায় সম্পৃক্ত হওয়ার ঝুঁকিতে রয়েছেন তাদের জন্য বিকল্প ব্যবস্থা প্রদান করে, এবং তারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য সহায়তা প্রদান করে। এই অতি গুরুত্বপূর্ণ তহবিল SNUG কর্মসূচি সম্প্রসারণের সুযোগ এনে দেবে যাতে আরো বেশি সংখ্যক নির্ভরযোগ্য বার্তাবাহক এই জনস্বাস্থ্য সংকটের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া আরো বেশি কমিউনিটিতে দ্বন্দ্ব নিষ্পত্তি করতে, প্রতিশোধের স্বীকার হওয়া প্রতিরোধ করতে এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনতে পারেন।"

এই SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচি 2020 সাল থেকে স্টেট ও দেশজুড়ে কমিউনিটিগুলোতে বেড়ে যাওয়া আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনা এবং প্রতিরোধ করার জন্য গভর্নর হোকলের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। গভর্নর কমিউনিটিভিত্তিক সাড়াদান প্রক্রিয়ায় বিনিয়োগ তিনগুণে উন্নীত করেছেন, গোলাগুলির ঘটনা, আগ্নেয়াস্ত্র সংক্রান্ত খুনের ঘটনা এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অন্যান্য অপরাধ সমাধানকারী, কমিয়ে আনা এবং প্রতিরোধকারী স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার উদ্যোগগুলোতে বিনিয়োগ করেছেন, এবং অবৈধ আগ্নেয়াস্ত্র বিষয়ক আন্তঃস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal guns) গঠন করেছেন।

স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) নায়াগ্রা ফলস, স্কেনেকটেডি ও ইউটিকাতে SNUG কর্মসূচি পরিচালনার জন্য কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোর কাছ থেকে প্রস্তাব আহবান করেছে। কমিউনিটি মিশন্স অব নায়াগ্রা ফ্রন্টিয়ার, ইনক. (Community Missions of Niagara Frontier, Inc.) নায়াগ্রা ফলস কর্মসূচির জন্য 500,000 ডলার পাবে এবং ইন্টিগ্রেটেড কমিউনিটি অল্টারনেটিভস নেটওয়ার্ক (Integrated Community Alternatives Network, ICAN) ইউটিকাতে SNUG প্রতিষ্ঠার জন্য 500,000 ডলার পাবে। পর্যাপ্ত সংখ্যক আবেদন না পাওয়ায় DCJS এই শরতকালে স্কেনেকটেডিতে একটি কর্মসূচি প্রতিষ্ঠার জন্য পুনরায় প্রস্তাব আহবান করবে; এটি একটি প্রতিযোগিতামূলক নির্বাচন প্রক্রিয়া নিশ্চিত করবে।

**ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর কমিশনার রোজানা রোসেডো বলেন**, "আমি স্টেটজুড়ে ভ্রমণ করেছি, আমাদের SNUG দলের সদস্যদের সঙ্গে সাক্ষাত করেছি এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে তারা যে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তা সরাসরি প্রত্যক্ষ করেছি। আমি তাদের নিজেদের জীবনের প্রতিবন্ধকতাগুলো কাটিয়ে উঠতে তাদেরকে সফল হতে দেখেছি এবং অন্য তরুণ ব্যক্তিদের উপর আস্থা রেখে, তাদেরকে নিজেদের উপর আস্থা রাখতে সাহায্য করে এবং ঝুঁকিতে থাকা তরুণদেরকে বিকল্প ব্যবস্থা, সুযোগ-সুবিধা ও সহায়তা প্রদান করার মাধ্যমে সেসব তরুণের জীবনে তারা যে পরিবর্তন নিয়ে এসেছেন তা প্রত্যক্ষ করেছি। এই কর্মসূচির প্রতি তার অব্যাহত সহায়তার জন্য এবং এই বাড়তি অনুদানগুলোর জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, যা এই নির্ভরযোগ্য বার্তাবাহকদেরকে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঘটনা বৃদ্ধি পাওয়ার ফলে সংগ্রামে লিপ্ত থাকা

এসব কমিউনিটিতে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনতে সাহায্য করার জন্য সুযোগ এনে দেবে।"

**নিউ ইয়র্ক স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (New York State Office of Gun Violence Prevention)-এর ডিরেক্টর ক্যালিয়ানা এস. টমাস বলেন**, "সহিংসতা প্রতিরোধের প্রচেষ্টাসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য কমিউনিটিভিত্তিক এবং কমিউনিটির নেতৃত্বে পরিচালিত কর্মকৌশল অত্যন্ত গুরুত্বপূর্ণ। SNUG-এর মতো কর্মসূচিগুলো আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন ব্যক্তিদের সুস্থতাকে অগ্রাধিকার দেয় এবং স্বাস্থ্যের সামাজিক নির্ণায়কসমূহ সরাসরি মোকাবেলার জন্য সেরা অবস্থানে রয়েছে। স্বাস্থ্য, নিরাপত্তা, শান্তি, ও কমিউনিটির দীর্ঘস্থায়িত্বের প্রসার ঘটানোর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করা চালিয়ে যাওয়া SNUG-এর মতো কর্মসূচিগুলোকে সহায়তা করা এবং সম্প্রসারণ করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। একটি জনস্বাস্থ্য বিষয়ক প্রচেষ্টার মাধ্যমে সহিংসতার চক্রকে প্রতিহত করা অব্যাহত রাখতে গভর্নর এবং SNUG-এর সঙ্গে অংশীদার হতে পেরে আমি গর্বিত।"

নায়াগ্রা ফলস, ইউটিকা এবং স্কেনেকটেডি স্টেট-সমর্থিত এই SNUG নেটওয়ার্কে থাকা নিম্নলিখিত কমিউনিটিগুলোর সঙ্গে যোগদান করবে: আলবানি, ব্রঙ্কস, বাফেলো, হেম্পস্টেড, মাউন্ট ভার্নন, নিউবার্গ, পোকেপসি, সিরাকিউস, রচেস্টার, ট্রয়, ওয়াইনড্যাঞ্চ ও ইয়ংকার্স।

**নায়াগ্রা ফলস-এর মেয়র রবার্ট রেস্টানিও বলেন,** "যদিও আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা একটি জাতীয় পর্যায়ের সমস্যা, খুব অল্প সংখ্যক মানুষেরই এর উত্তর খোঁজার মতো সাহস রয়েছে। গভর্নর হোকল এই সমস্যার বিরুদ্ধে লড়াই করার প্রচেষ্টায় নেতৃত্ব দেওয়া অব্যাহত রেখেছেন এবং নায়াগ্রা ফলসে SNUG-এর জন্য তহবিল প্রদানের ক্ষেত্রে তার সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ। SNUG আমাদের কমিউনিটিকে এই সমস্যাটি মোকাবেলার জন্য আরেকটি হাতিয়ার প্রদান করবে এবং সহিংসতার এই চক্রে আটকা পড়ে যাওয়া ব্যক্তি ও পরিবারগুলোকে সাহায্য করবে।"

**ইউটিকার মেয়র রবার্ট পালমেরি বলেন,** "ইউটিকা সিটি আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের জন্য স্বতস্ফূর্ত পদক্ষেপ গ্রহণ করেছে; যার মধ্যে পাঁচজন নতুন পুলিশ কর্মকর্তা সংযোজন অন্তর্ভুক্ত রয়েছে। জীবনযাত্রার মান রক্ষার ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা একটি চরম সমস্যা হয়ে দেখা দেওয়ার এই সময়ে আমরা অন্যান্য মিউনিসিপ্যালিটি ও সংস্থার সঙ্গে অংশীদারিত্ব অব্যাহত রাখবো। SNUG কর্মসূচিতে অর্থায়নের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই এবং আমাদের অধিবাসীদের জন্য জন নিরাপত্তা রক্ষা ও উন্নত করতে স্টেট এবং ICAN-এর সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**কমিউনিটি মিশন্স-এর স্পেশালাইজড সার্ভিসেস ভাইস প্রেসিডেন্ট এরিক বোয়ের্ডনার বলেন,** "নায়াগ্রা ফলসে SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচি চালু করতে পেরে আমরা উচ্ছসিত, এবং এই অতি গুরুত্বপূর্ণ কর্মসূচিতে তার সহায়তা ও বিনিয়োগের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনার জন্য আমাদের সম্ভাব্য

সবকিছু করতে হবে, এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতায় সম্পৃক্ত হওয়ার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করার এবং সংযোগ স্থাপন করার ক্ষেত্রে এবং পাশাপাশি বিকল্প ব্যবস্থা ও সহায়তা প্রদান করার মাধ্যমে স্ট্রিট আউটরিচ টিম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কমিউনিটি মিশন্স-এর আমাদের শেয়ারকৃত অংশীদারদের সঙ্গে নিয়ে কমিউনিটির সঙ্গে সম্পৃক্ত হওয়ার জন্য এবং কমিউনিটির চাহিদা পূরণের জন্য কর্মসূচি বাস্তবায়ন করার দীর্ঘ ইতিহাস রয়েছে, এবং আমরা এই চ্যালেঞ্জ মোকাবেলা করার প্রত্যাশা রাখি।"

**ICAN-এর CEO/এক্সিকিউটিভ ডিরেক্টর স্টিভেন বুলগার বলেন,** "SNUG কর্মসূচিকে আমাদের ক্রমবর্ধমান পরিষেবার তালিকায় যোগ করতে পেরে এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে সম্পৃক্ত হতে পেরে আমরা সম্মানিত বোধ করছি। SNUG ICAN-এর দীর্ঘদিন ধরে চলে আসা তরুণদের প্রতি মনোযোগ দেওয়া কর্মসূচিসমূহ, আমাদের সার্বিক দর্শন এবং আমাদের স্ট্রিট আউটরিচ কর্মসূচির পরিপূরক হিসেবে কাজ করবে। আমরা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনার ব্যাপারে আমাদের আশেপাশের এলাকাগুলোর মধ্যে ফলপ্রসূ ও স্বতস্ফূর্তভাবে কাজ করার জন্য প্রস্তুত আছি।"

সমন্বিত প্রশিক্ষণ, সাইট ভিজিট এবং DCJS-এর তরফ থেকে পাওয়া সহায়তা SNUG-কে স্টেট ও দেশজুড়ে অন্যান্য কমিউনিটিভিত্তিক সহিংসতা প্রতিহতকারী কর্মসূচি থেকে আলাদা করে তুলেছে। নতুন কর্মীদেরকে অবশ্যই 40 ঘণ্টার প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং নতুন সুপারভাইজারদের 32 ঘণ্টার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করতে হয়। এছাড়াও প্রত্যেক কর্মীকে অবশ্যই প্রতি বছর 40 ঘণ্টার পেশাগত উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করতে হয়। এই চলমান প্রশিক্ষণ ও সহায়তা এই বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করে যে বিভিন্ন কমিউনিটিভিত্তিক সংস্থার দ্বারা পরিচালিত হওয়া সত্ত্বেও সব SNUG সাইটে এই কর্মসূচি সঙ্গতিপূর্ণভাবে পরিচালনা করা হয়। এই ভিডিওতে এই কর্মসূচি এবং অংশগ্রহণকারীদের সাথে এটির কার্যক্রম দেখানো হয়েছে।

SNUG কর্মসূচিগুলো স্ট্রিট আউটরিচ কর্মী, হাসপাতালে সাড়াদানকারী, সোশ্যাল ওয়ার্কারদের এবং যারা কমিউনিটিতে ও ট্রমা সেন্টারগুলোতে কাজ করেন সেসব কেস ম্যানেজারদের নিয়োগ দেয়। আউটরিচ কর্মী এবং হাসপাতালে সাড়াদানকারীরা যে কমিউনিটিতে কাজ করেন সেখানেই বসবাস করেন, এবং তাদের মধ্যে কেউ কেউ ফৌজদারি বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত হয়েছিলেন অথবা সহিংসতার কারণে কোনো প্রিয়জনকে হারিয়েছেন। এসব নির্ভরযোগ্য বার্তাবাহক বিরোধ শনাক্ত করা এবং বড় আকারে রূপ নেওয়ার আগেই সেগুলোর নিষ্পত্তি করার জন্য কিশোর-কিশোরী ও তরুণ প্রাপ্তবয়স্কদের সঙ্গে কাজ করতে তাদের কমিউনিটির মধ্যকার সম্পর্ককে কাজে লাগান; মধ্যস্থতার মাধ্যমে পাল্টা প্রতিশোধ গ্রহণের ঘটনা প্রতিরোধ করতে গোলাগুলির ঘটনায় সাড়াদান করেন এবং আহত বা নিহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের সহায়তা করেন; এবং এই কর্মসূচির সাথে সম্পৃক্ত তরুণদের লক্ষ্য নির্ধারণের ক্ষেত্রে মেন্টর হিসেবে কাজ করেন এবং তাদেরকে শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগের পাশাপাশি অন্যান্য পরিষেবার সঙ্গে সংযুক্ত করেন। এছাড়াও এসব কর্মসূচি র‍্যালি, বিশেষ অনুষ্ঠান, এবং অন্যান্য কমিউনিটি জনসমাগমের মাধ্যমে কমিউনিটি, ধর্মীয় সংস্থাসমূহ ও ধর্মীয় নেতৃবৃন্দ, এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সম্পৃক্ত করে।

সোশ্যাল ওয়ার্কার এবং কেস ম্যানেজাররা কমিউনিটিগুলোতে যারা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা অথবা অন্যান্য অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদেরকে মানসিক আঘাত সম্পর্কিত অবহিত কাউন্সেলিং, সাপোর্ট গ্রুপ, স্টেটের অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services)-এর কাছে ভুক্তভোগীর ক্ষতিপূরণ প্রাপ্তির আবেদন জমা দেয়া সংক্রান্ত পরামর্শ ও সহায়তা, এবং শনাক্ত হওয়া বা প্রয়োজন অনুযায়ী অন্যান্য পরিষেবার কাছে রেফারাল প্রদান করেন; এবং SNUG দলের সদস্যদেরকে সহায়তা ও নির্দেশনা প্রদান করেন, যাদের মধ্যে অনেকেই মানসিক আঘাত সম্পর্কিত জটিল অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন। বিদ্যমান 12টি SNUG সাইটের সোশ্যাল ওয়ার্কার ও কেস ম্যানেজারদের অফিস অব ভিক্টিম সার্ভিসেস-এর তরফ থেকে ফেডারেল অপরাধের ভুক্তভোগী আইনের (Victims of Crime Act, VOCA) আওতাধীন অনুদানের মাধ্যমে অর্থ প্রদান করা হয়; নতুন সাইটগুলো পুরোপুরিভাবে এবছরের প্রণীত বাজেটে বরাদ্দকৃত স্টেট ডলার দিয়ে অর্থায়ন করা হবে।

## ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস স্টেটের ফৌজদারি বিচার ব্যবস্থার সর্বস্তরে গুরত্বপূর্ণ সহায়তা প্রদান করে থাকে, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থা এবং ফৌজদারি বিচার ব্যবস্থার অন্যান্য পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান; কোনো আইন প্রয়োগকারী সংস্থার স্বীকৃতি অর্জনের কর্মসূচি তত্ত্বাবধান করা; স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার ব্যবহার করা ব্রেথঅ্যালাইজার এবং গতিসীমা সংক্রান্ত আইন প্রয়োগের জন্য ব্যবহৃত অন্যান্য সরঞ্জাম সঠিকভাবে পরিচালনা করার বিষয়টি নিশ্চিত করা; ক্রিমিনাল জাস্টিস গ্র্যান্টের তহবিল ব্যবস্থাপনা; স্টেটজুড়ে অপরাধ ও কর্মসূচির ডাটা বিশ্লেষণ করা; গবেষণা সহায়তা প্রদান করা; কাউন্টি প্রোবেশন বিভাগ এবং কারারুদ্ধকরণ কর্মসূচির বিকল্পসমূহের তত্ত্বাবধান করা; এবং তরুণদের জন্য ন্যায়বিচার বিষয়ক নীতিমালা সমন্বয় করা, প্রভৃতি অন্তর্ভুক্ত রয়েছে। DCJS-কে ফেসবুকে (Facebook) ও টুইটারে (Twitter) অনুসরণ করুন।

###